



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

Answer: Work Sheet - 20

Class: 4

Subject: Bengali Grammar (ক্রিয়ার কাল)

Date: 30/4/2020



১। যে সময়ে ক্রিয়াপদ সম্পাদিত হয় তাকে ক্রিয়ার কাল বলে ।

২। যে ক্রিয়ার কাজ নিয়মিত ঘটে বা এখন ঘটছে তাকে বলে বর্তমান কাল ।

৩। যে ক্রিয়ার কাল অনেক আগেই ঘটে গেছে তাকে বলে অতীত কাল ।

৪। যে ক্রিয়ার কাজ এখনও হয়নি পরে হবে তাকে বলে ভবিষ্যত কাল ।

৫। সমাপিকা ক্রিয়ার কাল হয় ।

৬। বর্তমান কালের দুটি চিহ্ন - ছি, ছে

৭। অতীত কালের দুটি চিহ্ন - ল, লে

৮। ভবিষ্যত কালের দুটি চিহ্ন - ব, বে

৯। শূন্যস্থান পূরণ কর :-

ক) সবারকম কাজ করা বা হওয়াকে ক্রিয়াপদ বলে ।

খ) সময়ের অন্য নাম হল কাল ।

গ) ক্রিয়াপদের সঙ্গেই কালের সম্পর্ক বর্তমান ।

ঘ) অসমাপিকা ক্রিয়ার সঙ্গে কালের সম্পর্ক নেই।

ঙ) কেবল সমাপিকা ক্রিয়ারই কাল হয় ।

১০। বাক্যগুলির ক্রিয়ার কাল লেখ :-

ক) আগে এখানে একটি মাঠ ছিল । (অতীত কাল)

- খ) পাখিরা বাসায় ফিরবে । (ভবিষ্যত কাল)
- গ) তারা আমাদের বাড়ী এসেছিল । (অতীত কাল)
- ঘ) বিড়ালটি ম্যাও ম্যাও করছে। (বর্তমান কাল)
- ঙ) আমার ভাই কাল থেকে স্কুলে যাবে । (ভবিষ্যত কাল)
- চ) বাগান থেকে আম পেড়ে আনব । (ভবিষ্যত কাল)
- ছ) আমি লিখছি । (বর্তমান কাল)

Manashi Chaudhuri